DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 09:15 AM

রাজনীতি

# আমির হামজা এমপির ওপর হামলা, জামায়াতের তীব্র নিন্দা ও প্রতিবাদ

প্রতিবেদক: কুষ্টিয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: রোববার, ১৬ আগস্ট ২০২৬, ০১:২৩ PM




কুষ্টিয়া-৩ (সদর) আসনের সংসদ সদস্য মুফতি আমির হামজার ওপর হামলার নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী কুষ্টিয়া জেলা শাখা।

শনিবার (১৬ আগস্ট) রাতে এক যৌথ প্রতিবাদ বিবৃতিতে কুষ্টিয়া জেলা জামায়াতের আমির অধ্যক্ষ খন্দকার এ কে এম আলী মুহসিন ও জেলা সেক্রেটারি মো. এনামুল হক এ নিন্দা জানান।

বিবৃতিতে জামায়াত নেতারা বলেন, জনগণের নির্বাচিত প্রতিনিধি মুফতি আমির হামজার ওপর এ ধরনের হামলা শুধু একজন ব্যক্তির ওপর আক্রমণ নয়, এটি কুষ্টিয়ার শান্তি-শৃঙ্খলা ও গণতান্ত্রিক পরিবেশের ওপরও আঘাত। জনমনে আতঙ্ক সৃষ্টি এবং এলাকার রাজনৈতিক স্থিতিশীলতা বিনষ্ট করতেই চিহ্নিত দুষ্কৃতকারীরা এ ঘটনা ঘটিয়েছে বলে তারা অভিযোগ করেন।

ঘটনার সঙ্গে জড়িতদের দ্রুত শনাক্ত করে গ্রেপ্তার এবং দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান জামায়াত নেতারা। একই সঙ্গে মুফতি আমির হামজার

দ্রুত সুস্থতা ও দীর্ঘায়ু কামনা করেন তারা। পাশাপাশি এ ধরনের যেকোনো ষড়যন্ত্রের বিরুদ্ধে কুষ্টিয়াবাসীকে সতর্ক থাকার আহ্বান জানান।

প্রসঙ্গত, শনিবার সন্ধ্যা সাড়ে ৬টার দিকে কুষ্টিয়া শহরের ছয় রাস্তার মোড়ে মুফতি আমির হামজার সমর্থক ও গণঅধিকার পরিষদের নেতাকর্মীদের মধ্যে ইটপাটকেল নিক্ষেপের ঘটনা ঘটে। এ সময় আমির হামজার গাড়ি ভাঙচুরের অভিযোগ ওঠে। এতে দুই পক্ষের বেশ কয়েকজন আহত হওয়ার খবর পাওয়া গেছে।

ঘটনার পর এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে। তবে হামলার কারণ এবং এ ঘটনায় কারা জড়িত, তা নিয়ে বিস্তারিত তথ্য এখনো জানা যায়নি।

---

## এ বিভাগের আরও খবর



**রাষ্ট্রপতি নির্বাচনে মির্জা ফখরুলের মনোনয়নপত্র বৈধ ঘোষণা**
রাষ্ট্রপতি নির্বাচনে বিএনপি মনোনীত প্রার্থী মির্জা ফখরুল ইসলাম আলমগীরের মনোনয়নপত্র বৈধ ঘোষণা করেছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম...



**রাষ্ট্রপতি নির্বাচন: অলি আহমদের মনোনয়নপত্র বৈধ ঘোষণা**
আগামী ২০ আগস্ট অনুষ্ঠিত হতে যাচ্ছে ২৩তম রাষ্ট্রপতি নির্বাচন। এই নির্বাচনকে সামনে রেখে ক্ষমতাসীন দল বিএনপি ও প্রধান বিরোধীদল জামায়াতে ইসলামী...




**৯৮ শতাংশ গ্যাসের নিয়ন্ত্রণ একটি বিশেষ দেশের হাতে তুলে দেন হাসিনা**
চিফ হুইপ মো. নূরুল ইসলাম বলেছেন, বিগত সরকারের সময় দেশের ৯৮ শতাংশ গ্যাসের নিয়ন্ত্রণ একটি বিশেষ দেশের হাতে তুলে দেওয়া হয়েছিল। স্বৈরাচারী সরকার...




**বিদ্যুৎ ও জ্বালানি সংকট, বিশেষ অধিবেশন চেয়ে রাষ্ট্রপতিকে বিরোধীদলীয় নেতার চিঠি**

দেশে চলমান তীব্র বিদ্যুৎ ও জ্বালানি সংকটসহ সার্বিক আর্থ-সামাজিক ও আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি রোধে জাতীয় সংসদের বিশেষ অধিবেশন আহ্বানের অনুরো...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/politics/amir-hamja-empir-opr-hamla-jamayater-tibr-ninda-o-prtibad